# অভিভাবকত্ব

(মেন্টাল হেলথ্ অ্যাক্ট 1983 এর ধারা 7)

| | |
|---|---|
| 1. রুগীর নাম | |
| 2. আপনার অভিভাবকের<br>2.1 নাম | |
| 2.2 ঠিকানা | |
| 2.3 টেলিফোন নং. | |
| 3. আপনার দায়িত্বপ্রাপ্ত স্থানীয় সোশাল সার্ভিস (সমাজ কল্যাণ কর্তৃপক্ষ) অথরিটি | |

## অভিভাবকত্ব কি ?

মেন্টাল হেলথ্ অ্যাক্ট 1983-র ধারা 7এর অধীন, যদি দুজন ডাক্তার প্রয়োজন আছে বলে মনে করেন তাহলে মানসিক রোগগ্রস্ত ব্যক্তিকে সাহায্যের জন্য একজন অভিভাবক দেওয়া যায়।

আপনার স্থানীয় সোশাল সার্ভিস অথরিটি (সমাজ কল্যাণ কর্তৃপক্ষ) কিংবা সোশাল সার্ভিস অথরিটি দ্বারা অনুমোদিত ব্যক্তি আপনার অভিভাবক হতে পারে। যদি সোশাল সার্ভিস অথরিটি আপনার অভিভাবক না হয় তাহলে তাকে "বেসরকারি অভিভাবক" বলা হবে।

আপনার অভিভাবকের কাছে আপনাকে জানানোর এই আইনী ক্ষমতা গুলি থাকবে ঃ

- আপনার কোথায় থাকতে হবে
- নির্দিষ্ট স্থান ও নির্দিষ্ট সময়ে চিকিৎসা, কাজ, শিক্ষা বা প্রশিক্ষণের জন্য অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকা
- ডাক্তার বা নামোল্লেখ করা অন্য কারুর সঙ্গে আপনার দেখা করা।

## আমার অভিভাবক কেন প্রয়োজন ?

দুজন ডাক্তার মনে করেন সমাজে বাস করার জন্য আপনার সাহায্য প্রয়োজন কেননা আপনার মানসিক ব্যধি আছে এবং আপনার নিজের কল্যাণের জন্য বা অন্যদের সুরক্ষিত রাখার জন্য আপনার অভিভাবক প্রয়োজন।

## এটা কতদিন চলবে ?

প্রথমে ছয় মাস পর্যন্ত এই অভিভাবকত্ব চলে।

যদি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান বা আপনার দ্বারা নির্বাচিত চিকিৎসা সহায়ক অর্থাৎ নমিনেটেড মেডিকাল অ্যাটেন্ডেন্টের প্রয়োজনবোধ হয় তাহলে আপনার এই অভিভাবকত্ব আরো ছয় মাস, এবং তারপর একবারে আরো এক বছর বাড়িয়ে দেওয়া যায়। সময়মত তারা আপনার সঙ্গে এ ব্যাপারে কথা বলবেন।

স্থানীয় সোশাল সার্ভিস অথরিটি একজন ডাক্তার বা অন্য ব্যক্তিকে জানাতে বলবে আপনার আরো কিছু দিন অভিভাবকত্ব প্রয়োজন কি না, ঐ জাক্তার বা ব্যক্তি আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান হবেন। আপনার বেসরকারি অভিভাবক থাকলে, এই কাজটি একজন ডাক্তার করবেন যাকে আপনার নির্বাচিত চিকিৎসা সহায়ক অর্থাৎ "নমিনেটেড মেডিকাল অ্যাটেন্ডেন্ট" বলা হয়।

## আমি কি আপীল করতে পারি ?

আপনি যদি আর অভিভাবক না চান তাহলে আপনার অভিভাবক, আপনার সোশাল ওয়ার্কার, আপনার রেসপনসিবল ক্লিনিশিয়ান কিংবা আপনার দ্বারা নির্বাচিত মেডিকাল অ্যাটেন্ডেন্টের সঙ্গে কথা বলুন।

আপনি সোশাল সার্ভিস অথরিটিকে চিঠি লিখে আপনার অভিভাবকত্ব শেষ করার কথাও বলতে পারেন। আপনার আর অভিভাবক চাই কি না সেই সিদ্ধান্ত নেওয়ার আগে সোশাল সার্ভিস অথরিটির পক্ষ থেকে কেউ হয়ত আপনার সঙ্গে কথা বলতে চাইবে।

আপনার ঘনিষ্ঠতম আত্মীয় সোশাল সার্ভিস অথরিটির কাছে চিঠি লিখে আপনার অভিভাবকত্ব শেষ করে দিতে পারে। এই ঘনিষ্ঠতম আত্মীয় কে তা এই পত্রিকায় পরে সবিস্তারে জানানো হয়েছে।

আপনার আর অভিভাবকত্বের প্রয়োজন নেই এ কথা আপনি ট্রাইবিউনালের মাধ্যমেও জানাতে পারেন।

## ট্রাইবিউনাল কি এবং কি হয় ?

ট্রাইবিউনাল এক স্বতন্ত্র সঙ্ঘ, আপনার এখনও অভিভাবক চাই কি না তা এই সঙ্ঘ নির্ণয় করতে পারে। এরা আপনার সঙ্গে এবং যেসব কর্মচারী আপনাকে চেনে তাদের সঙ্গে মিটিং করবে। এই মিটিং-কে "হিয়ারিং" অর্থাৎ শুনানি বলা হয়। আপনি চাইলে অন্য কাউকে এই হিয়ারিং-এ আপনাকে সাহায্য করার জন্য আসতে বলতে পারেন। হিয়ারিং-এর আগে, ট্রাইবিউনালের সদস্যরা আপনার এবং আপনার অভিভাবকত্বের বিষয়ে রিপোর্ট পড়বে। এছাড়া ট্রাইবিউনালের একজন সদস্য আপনার সঙ্গে দেখা করে আপনার সঙ্গে কথা বলবেন।

## আমি কখন ট্রাইবিউনালের কাছে আবেদন করতে পারি ?

আপনার অভিভাবকত্বে থাকার প্রথম ছয় মাসে যে কোনো সময় একবার আপনি ট্রাইবিউনালের কাছে আবেদন করতে পারেন। এর পরবর্তী ছয় মাসে যে কোনো সময় আরেকবার আপনি আবেদন করতে পারেন এবং তারপর যতদিন আপনার অভিভাবক থাকবে ততদিন বছরে একবার করে আপনি এই আবেদন করতে পারেন।

আপনি ট্রাইবিউনালের কাছে আবেদন করতে চাইলে এখানে চিঠি লিখতে পারেন ঃ

The Tribunals Service
PO BOX 8793
5th Floor
Leicester
LE1 8BN টেলি ঃ 0300 123 2201

আপনি আপনার পক্ষ থেকে ট্রাইবিউনালের কাছে চিঠি লেখা এবং হিয়ারিং-এ সাহায্যের জন্য একজন সলিসিটার (solicitor) অর্থাৎ আইনী অধিবক্তার সহায়তা নিতে পারেন।

আপনার সোশাল সার্ভিস অথরিটি এবং ল সোসাইটির কাছে এ বিষয়ে বিশেষজ্ঞ অধিবক্তাদের তালিকা আছে। এই অধিবক্তার সহায়তার জন্য আপনার দাম দিতে হবে না। লিগাল এড স্কিমে এটা বিনামূল্যে দেওয়া হয়।

## আপনার ঘনিষ্ঠতম আত্মীয়কে জানানো

মেন্টাল হেল্‌থ অ্যাক্টের মতে যে আপনার ঘনিষ্ঠতম আত্মীয়, তাকে এই পত্রিকার একটি কপি দেওয়া হবে।

মেন্টাল হেল্‌থ অ্যাক্টে একটি নামের তালিকা আছে যাদের আপনার আত্মীয় হিসাবে গণ্য করা হবে। সাধারণত ঐ তালিকায় যার নাম সবার ওপরে থাকবে সে আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হবে। আপনার সোশাল সার্ভিস অথরিটি আপনাকে একটি পত্রিকা দিতে পারে যাতে এর ব্যাখ্যা থাকবে এবং আপনার চিকিৎসা ও পরিচর্যার ব্যাপারে আপনার নিকটতম আত্মীয়র যা যা অধিকার আছে সেসবের উল্লেখ থাকবে।

আপনার কেসে, আমাদের বলা হয়েছে যে আপনার নিকটতম আত্মীয় ঃ

| |
|---|
| |

আপনি যদি এই পত্রিকার একটি কপি তাকে দিতে না চান, আপনার অভিভাবক, সোশাল ওয়ার্কার কিংবা যে আপনাকে এই পত্রিকা দিয়েছে তাকে জানিয়ে দেবেন।

যদি আপনার মনে হয় ঐ ব্যক্তি আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হওয়ার উপযুক্ত না, তাহলে তার পরিবর্তে অন্য কাউকে ঘনিষ্ঠতম আত্মীয় হিসাবে গণ্য করার জন্য কাউন্টি কোর্টের (County Court) কাছে আবেদন করতে পারেন। এর ব্যাখ্যাসহ একটি পত্রিকা সোশাল সার্ভিস অথরিটি আপনাকে দিতে পারে।

## আচরণ সংহিতা

একটি আচরণ সংহিতা আছে যা আপনার পরিচর্যার সঙ্গে জড়িত ব্যক্তিকে মেন্টাল হেলথ্ অ্যাক্টের বিষয়ে পরামর্শ দেয়। আপনার পরিচর্যার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময়, কোডে কি বলা হয়েছে তা তাদের বিবেচনাধীন রাখতে হবে। আপনি চাইলে, কোডের একটা কপি চেয়ে নিতে পারেন।

## আরো সাহায্য এবং তথ্য

আপনার যত্ন পরিচর্যার বিষয়ে যদি আপনি কিছু বুঝতে না পারেন, আপনার অভিভাবক, আপনার সোশাল ওয়ার্কার বা আপনার পরিচর্যায় জড়িত অন্য কাউকে জিজ্ঞাসা করুন। এই পত্রিকার কোনো বিষয় যদি আপনি বুঝতে না পারেন কিংবা আপনার যদি কোনো প্রশ্ন থাকে যার উত্তর এই পত্রিকায় নেই তাহলে তাদের কাছ থেকে বুঝে নেবেন।

আপনি যদি অন্য কারুর জন্য এই পত্রিকার কপি চান, তাহলে চেয়ে নেবেন।